

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

স্মারক নং ৪৬.০২০.০০৪.০১.০০.৩৫৫.২০১২-২৬২

তারিখঃ ২০/১১/১৭

বিষয়ঃ মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১০৯৪৫/২০১২ সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতাকরণ প্রসঙ্গে।

সূত্রঃ ঢাকা মশক নিবারণী দপ্তরের স্মারক নং-৪৬.০০.০০০০.২১৩.০৪.০০১.১৪-৩৩৭ তারিখঃ ১৪.১১.২০১৬খ্রিঃ।

ঢাকা মশক নিবারণী দপ্তরের শিক্ষানবীশ ড্রু জনাবা লাভলী আক্তার (রিনা) এর নিয়োগ বাতিলের আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ১০৯৪৫/২০১২ নং রীট পিটিশন দায়ের করা হয়। উক্ত মামলায় সরকার পক্ষে প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি বিজ্ঞ সলিসিটর বরাবরে প্রেরণ করা হয়। সরকারি স্বার্থ বিবেচনায় রেখে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর পাশাপাশি বেসরকারি প্যানেল আইনজীবী নিয়োগ করা আবশ্যিক।

০২। এমতাবস্থায়, বর্ণিত রীট পিটিশনে সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর পাশাপাশি স্থানীয় সরকার বিভাগের প্যানেল আইনজীবী হিসেবে প্রতিদ্বন্দ্বিতার যাবতীয় ব্যবস্থা গ্রহনকরতঃ সময় সময় এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো। মামলার রুল, আরজি, দফাওয়ারী জবাব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

০৩। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ----- ফর্দ।

(মোহাম্মদ শফিউল আরিফ)

উপসচিব

৯৫৪০৯৯৫

Email:arif 6550@ yahoo.com

জনাব এডঃ মোঃ আশরাফুল আলম
বেসরকারি প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা;
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ০৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা;
- ০৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা/সহকারী পরিচালক, ঢাকা মশক নিবারণী দপ্তর, লালবাগ, ঢাকা;
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।